

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
[কাস্টমস: WCO Affairs শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.২৫.০০৪.২৪/ ১৫৯

তারিখ: ০৩ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ।

বিষয়: **National Graduate Institute for Policy Studies (GRIPS), Japan এ Public Finance বিষয়ে ১৩ মাস মেয়াদী মাস্টার্স ডিগ্রী প্রোগ্রামে অংশগ্রহণের জন্য আবেদনপত্র আহ্বান।**

সূত্র: WCO হতে প্রাপ্ত পত্র নং-24HL0424E, তারিখ: ১৪ নভেম্বর ২০২৪/ ব্রাসেলস।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, Japan-WCO Human Resource Development Programme (Scholarship Programme) এর আওতায় National Graduate Institute for Policy Studies (GRIPS), Japan এ Public Finance বিষয়ে ১৩ (তের) মাস মেয়াদী মাস্টার্স ডিগ্রী প্রোগ্রামে অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে সূত্রোক্ত পত্রের মাধ্যমে আমন্ত্রণ জানানো হয়েছে। প্রোগ্রামটি আগামী সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ তারিখ হতে সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ পর্যন্ত জাপানের টোকিওতে অবস্থিত National Graduate Institute for Policy Studies (GRIPS) এ অনুষ্ঠিত হবে।

০২। পত্রের সাথে সংযুক্ত Administrative Provisions এ প্রোগ্রাম সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি, প্রার্থী মনোনয়ন/নির্বাচনের ক্ষেত্রে যোগ্যতা/শর্ত, আবেদন পদ্ধতি ইত্যাদি উল্লেখ করা হয়েছে। এছাড়াও আবেদনকারী কর্মকর্তার যোগ্যতার বিষয়ে সুনির্দিষ্ট শর্তাদি উল্লেখ করা হয়েছে যা নিম্নরূপ:

- (ক) বয়স ০১ এপ্রিল ২০২৫ খ্রিঃ তারিখে বয়স ৩৫ বছর বা তার কম হওয়া;
- (খ) TOFEL/IELTS Score যথাক্রমে ৭৯ ও ৬.০ (ন্যূনতম) থাকা; এবং
- (গ) কমপক্ষে ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা থাকা ইত্যাদি।

০৩। উল্লেখ্য, উল্লিখিত প্রোগ্রামে অংশগ্রহণের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত নয়। আগ্রহী কর্মকর্তাগণকে GRIPS কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত হতে হবে।

০৪। বর্ণিতাবস্থায়, বিবেচ্য প্রোগ্রামে অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে **(সহকারী কমিশনার ও তদূর্ধ্ব) আগামী ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখের মধ্যে নিম্নোক্ত দলিলাদিসমূহ **যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে** জাতীয় রাজস্ব বোর্ডে ই-মেইলযোগে [wcoaffairs.nbr@gmail.com] সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা বরাবর [দৃষ্টি আকর্ষণ: ২য় সচিব (Customs: WCO Affairs)] প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ক) আবেদনপত্রের MSWord (Nikosh Font-12) Copy ও PDF Copy
- খ) পত্রসংযুক্ত দলিলাদিতে বর্ণিত Qualifications সংক্রান্ত প্রমাণক এর-PDF Copy
- গ) সংযুক্ত নির্দেশনা অনুযায়ী পূরণকৃত Online Registration Form

সংযুক্তি: ০৮ (আট) পাতা (ই-মেইলে প্রেরিত)।


৩/১২/২৪
অনুপম চাকমা

দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs; IPR)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ই-মেইল: chanupam3054@gmail.com

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মুসক আপীলাত ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
৪. কমিশনার, কাস্টম হাউস (সকল)।
৫. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)।
৬. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট (সকল)।
৭. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৮. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মুসক, ঢাকা।
৯. কমিশনার, সেন্ট্রাল রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঞ্জেল উইন্ডো প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/বন্ড অটোমেশন প্রকল্প, পায়রা বন্দর ভবন, কাকরাইল, ঢাকা/কাস্টমস আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঢাকা।
১১. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মুসক, ঢাকা/কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১৩. সিস্টেমস ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পত্রটি সংযুক্তিসহ প্রকাশের অনুরোধসহ]।**
১৪. দ্বিতীয় সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রথম সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।